তারিখ 24 NOV 1995
পৃষ্ঠা ৭ পি কলাম ৪

দৈনিক জনকণ্ঠ ১৬

# কারমাইকেলে শিবিরের হাতে শিক্ষক লাঞ্ছিত ॥ ক্লাস বর্জন

রংপুর, ২৩ নবেম্বর (সংবাদদাতা)।- কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের একজন শিক্ষক মঙ্গলবার শিবিরের সন্ত্রাসীদের হাতে লাঞ্ছিত হয়েছেন। কলেজের ক্ষুব্ধ শিক্ষকগণ সন্ত্রাসীদের গ্রেফতার না করা পর্যন্ত ক্লাস বর্জনের সিদ্ধান্ত নিয়েছেন। বুধবার কলেজের শিক্ষকদের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, মঙ্গলবার কলেজের রসায়ন ভবনের সামনে রেজা নামে এক ছাত্রকে শিবির কর্মীরা পূর্বঘটনার জের ধরে মারপিট করতে থাকে। এ সময় অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক আবদুর রাজ্জাক রেজাকে রক্ষা করতে এগিয়ে এলে শিবির কর্মীরা তাকে লাঞ্ছিত করে এবং অকথ্য ভাষায় গালিগালাজ করে। তাঁকে প্রাণনাশের হুমকি পর্যন্ত দেয়া হয়।

শিবিরের সন্ত্রাসীদের হাতে শিক্ষক লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে কারমাইকেল কলেজের শিক্ষকগণ বুধবার শহীদ মিনার চত্বরে এক প্রতিবাদ সভার আয়োজন করেন। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোজাম্মেল হকের সভাপতিত্বে এই প্রতিবাদ সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন অধ্যক্ষ আবদুল কুদ্দুস বিশ্বাস, ইতিহাসের সহযোগী অধ্যাপক জেড এম বিলাল হোসেন।